

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 সমন্বয় শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

৩১ আশ্বিন ১৪২৬ ব.

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০১৯.১৮-১১৭২

তারিখঃ-----

১৬ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ উত্তম চর্চা (Best practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮১৭.৯৯.১৪.১৮-৪৮, তারিখঃ ০৮-০৭-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উত্তম চর্চা সংক্রান্ত একটি প্রতিবেদনে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০১ (এক) পাতা।

৩০/১

(সেলিনা আক্তার)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৫৬১

ইমেইল: camoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
 মন্ত্রিপরিষদ বিভাগ
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 (দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, গবেষণা শাখা)।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০১৯.১৮-১১৭২

তারিখঃ ১৬ অক্টোবর ২০১৯ খ্রি.

অনুলিপি:

- ১। যুগ্মসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার অনুরোধসহ)।
- ২। উপসচিব (শুদ্ধাচার শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ পরিবহন পুল ভবন, ঢাকা (সংযুক্ত- ১ পাতা)
- ৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করার অনুরোধসহ)

১৬/১০/১৯
 (সেলিনা আক্তার)
 সহকারী সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

উত্তম চর্চা

শিরোনাম: বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)তে অনলাইন পদ্ধতিতে প্রশিক্ষার্থী ভর্তি।


প্রেক্ষাপট : বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধিনস্থ একটি সংবিধিবদ্ধ সংস্থা। বিকেএসপি'তে বর্তমানে ১৭টি ক্রীড়া বিভাগে ৪র্থ শ্রেণি থেকে স্নাতক শ্রেণির প্রশিক্ষার্থীদের দীর্ঘমেয়াদী বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ/কোচিং প্রদানের পাশাপাশি সাধারণ শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। পূর্বের প্রচলিত পদ্ধতিতে প্রশিক্ষার্থী ভর্তি প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা ছিল। ভর্তি পরীক্ষার জন্য একজন প্রার্থীকে তথ্য সংগ্রহের জন্য দীর্ঘ সময়ের প্রয়োজন ছিল। অনলাইন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম চালু করার মাধ্যমে সেবাটি সহজীকরণ করা হয়েছে।

সমাধানের প্রক্রিয়া: প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকার পাশাপাশি বিকেএসপির ওয়েবসাইট (www.bksp.gov.bd) ও ফেসবুক (<https://www.facebook.com/bksp.gov.bd>) পেইজে প্রকাশ করা হয়। ভর্তি বিজ্ঞপ্তির নির্দেশনা অনুযায়ী ভর্তিচ্ছুক অনলাইনে রেজিস্ট্রেশন করে থাকে। ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়। অনলাইনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাথমিক বাছাই পরীক্ষা গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ সাথে সাথে প্রাথমিক বাছাই পরীক্ষার প্রাপ্ত নম্বর অনলাইনে আপলোড করে থাকেন। ফলশ্রুতিতে কম সময়ের মধ্যে ফলাফল শীট প্রস্তুত করা হয়। অতঃপর মেধাক্রম অনুযায়ী চূড়ান্ত বাছাই ক্যাম্পের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েবসাইট (www.bksp.gov.bd) এবং ফেসবুক (<https://www.facebook.com/bksp.gov.bd>) পেইজে প্রকাশ করা হয়। ক্যাম্পে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা বর্ণিত ওয়েবসাইট ও ফেসবুকে প্রকাশ করা হয়। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের চাহিত সকল তথ্যাদি অনলাইনে আপলোড করার মাধ্যমে ভর্তি প্রক্রিয়াটি সম্পন্ন করা হয়।

অনলাইন প্রক্রিয়ার রেখচিত্র : www.bksp.gov.bd > লগইন > ছাত্র/ছাত্রী > Online Registration > Form পূরণ ও Submit করার পর প্রিন্ট কপি।

ফলাফল :

১. অনলাইনের মাধ্যমে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের ফলে তৃণমূল পর্যায় থেকে তথ্য পাওয়ার বিষয়টি সহজলভ্য হয়েছে।
২. ভর্তির আবেদন ও ফলাফল অনলাইন পদ্ধতিতে হওয়ায় সেবা গ্রহিতার যাতায়াত, অর্থ ও সময় সাশ্রয় হচ্ছে।
৩. ভর্তি প্রক্রিয়ার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে।
৪. অনলাইন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করায় সেবা গ্রহিতার পাশাপাশি প্রতিষ্ঠানেরও সময় ও অর্থ সাশ্রয়সহ কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।



(Handwritten signature)